গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),নিউ বেইলী রোড,ঢাকা
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩১১ তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮
০১ মার্চ ২০২২

বিষয়: **চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন রশিদাবাদ মোহাম্মদিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407) এর প্রার্থীত বেতন কোড সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১)USEO, পটিয়া,চট্টগ্রাম এর স্মারক নং-৩৭.০২.১৫৬১.০০০.০০১.০১৩.২১-২৬৫;তারিখ: ৩০/০৬/২০২১খ্রি.
(০২) তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০.৩১৭; তারিখ: ২৭/০১/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন রশিদাবাদ মোহাম্মদিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407) এর এমপিও শীটে বেতন কোড সংশোধনের জন্য প্রতিকারপ্রার্থী জনাব নাছির আহমদ কর্তৃক অত্র অধিদপ্তরে আবেদন করা হয়।

০২। বেতন কোড সংশোধন সংক্রান্ত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে তদন্তপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত প্রদানপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য জনাব মাহফুজা ইয়াছমিন, সহকারী পরিচালক (প্রশাসন), মাশিঅ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী), মাশিঅ এর সমন্বয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। সূত্রোস্থ ০২ নং স্মারকে তদন্ত কমিটি কর্তৃক তদন্ত প্রতিবেদন দাখিল করা হয়। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত নিম্নরূপ: "এমপিওশীটে বর্ণিত শিক্ষকের বেতন গ্রেড সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইয়ে দেখা যায় যে, জনাব নাছির আহমদ/NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে ১৫/০১/২০১৫ তারিখে যোগদান করে জানুয়ারী/২০১৬ সালে বেতন গ্রেড ১০ (দশ) এ প্রথম এমপিওভুক্ত হন। সর্বশেষ এমপিও শীট নভেম্বর/২০২১ অনুযায়ী তিনি গ্রেড-১০ এ বেতন-ভাতা পাচ্ছেন। মাদ্রাসা কর্তৃপক্ষ তাকে নিয়মিত গ্রেড-১১ এ বেতন-ভাতাদি পরিশোধ করছে। জনাব নাছির আহমদ এর শিক্ষাগত যোগ্যতা এমএ পাশ। তার নিয়োগ বিজ্ঞপ্তি, চাকুরির আবেদন, নিয়োগ পরীক্ষার ফলাফল সীট, নিয়োগপত্র, যোগদানপত্র, বিদ্যমান এমপিও, শিক্ষক কর্মচারীর তালিকা প্রভৃতি বিবেচনায় প্রতীয়মান হয় তিনি সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) । জনাব নাছির আহমদ এর বিএড ডিগ্রি নেই। তার শিক্ষাগত যোগ্যতা এমএ পাশ অনুযায়ী তিনি ১০ গ্রেড পেতে পারেন না বা বেতন গ্রেড ১০ হওয়া যৌক্তিক নয়। বিএড ডিগ্রি বিহীন সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) এর বেতন গ্রেড ১০ হওয়ার সুযোগ নেই, তার সর্বোচ্চ বেতন গ্রেড ১১। সেক্ষেত্রে জনাব নাছির আহমদ /NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) এর আবেদন অনুসারে এমপিও কপিতে বেতন গ্রেড ১০ সংশোধন পূর্বক বেতন গ্রেড ১১ মুদ্রিত করতে কোন বাঁধা নেই। তাছাড়া জনাব নাছির আহমদ এমপিও কপিতে বেতন গ্রেড ১০ সংশোধন পূর্বক বেতন গ্রেড ১১ মুদ্রিত করার জন্য আবেদন করেছেন।
প্রাপ্ত তথ্য বিশ্লেষণে জানা যায় যে, তিনি নিয়মিত সরকারি বেতন ভাতাদি পাচ্ছেন। এমপিও কপিতে তাঁর নামের পাশে বেতন গ্রেড ১০ মুদ্রিত থাকলেও সঞ্চয়ী হিসাব নং- ০১০০০২৪২১৬৬৬১ (টি-২২৪১/৯) এর মাধ্যমে তিনি নিয়মিত ১১ গ্রেডে বেতন ভাতাদি উত্তোলন করে আসছেন। জনাব নাছির আহমদ /NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) বেতন গ্রেড ১১ (এগার) এ বেতন ভাতাদি গ্রহণ করেন মর্মে ম্যানেজার, সোনালী ব্যাংক, পটিয়া শাখা, চট্টগ্রাম কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে। তিনি আরও প্রত্যয়ন করেন যে, "অবশিষ্ট টাকা বিধিমোতাবেক সরকারী কোষাগারে ফেরত প্রদান করা হয়"।
উল্লেখ্য জনাব নাছির আহমদ /NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) এর আবেদন অনুসারে MPO কপিতে বিদ্যমান বেতন গ্রেড সংশোধন করা হলে সংশোধন জনিত কারনে প্রতিকার প্রার্থীর বেতন বৃদ্ধি পাবে না বরং কমবে (বেতন গ্রেড ১০ এর পরিবর্তে বেতন গ্রেড ১১ হবে। সেক্ষেত্রে কোন ধরনের বকেয়ার উদ্ভব হবে না। এক্ষেত্রে সরকারের আর্থিক ক্ষয়-ক্ষতির কোন সম্ভাবনা নেই।
গ) মতামত: জনাব নাছির আহমদ /NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) এর নিয়োগ সংক্রান্ত সকল কাগজ পত্র এবং সরবরাহকৃত ডকুমেন্টসমূহ যেমন নিয়োগ বিজ্ঞপ্তি, চাকুরির আবেদন, সকল একাডেমিক সনদ, এনটিআরসিএ সনদ, নিয়োগ পরীক্ষার ফলাফল সীট, নিয়োগপত্র, যোগদানপত্র, বিদ্যমান এমপিও, শিক্ষক কর্মচারীর তালিকা, বেতন বিলের কপি, ব্যাংক প্রত্যয়ন এবং সংশোধন রেজুলেশন এবং বিএড ডিগ্রি বিহীন সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) মোতাবেক চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলাধীন রশিদাবাদ মোহাম্মদিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসায় কর্মরত জনাব নাছির আহমদ /NASIR AHMAD (ইনডেক্স নং-N2114407) সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) এর MPO কপিতে বেতন গ্রেড ১০ সংশোধনপূর্বক বেতন গ্রেড- ১১ সংযোজন করার সুপারিশ করা হলো।"

০৩। তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন, USEO, পটিয়া, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব নাছির আহমদ

(ইনডেক্স নং-N2114407) এর তথ্য এবং প্রার্থীত বেতন কোড নিম্নরূপঃ

| ক্রমিক নং | নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা | সহকারী শিক্ষক (কৃষি) পদে যোগদানের তারিখ | এমপিও শীটে বিদ্যমান বেতন কোড | প্রার্থীত বেতন কোড | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407) রশিদাবাদ মোহাম্মদিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পটিয়া, চট্টগ্রাম। | ১৫.০১.২০১৫ খ্রি. | ১০ | ১১ | এমপিও শীটে বিদ্যমান বেতন কোড ১০ এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত বেতন কোড ১১ সংশোধন যোগ্য। |

০৪। এমতাবস্থায়, তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদনের মতামত, USEO, পটিয়া, চট্টগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এর ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রতিকার প্রার্থী জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407)এর বেতন কোড ১০ এর স্থলে ১১ সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্যও অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকারপ্রার্থী জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।

সংযুক্তি: বর্ণনামতে-০৪ ফর্দ।

১-৩-২০২২
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৪১০৩০১৫৯
ফ্যাক্স: ৪১০৩০১২৫
ইমেইল: dgdmeb@gmail.com

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.৩১১/১(৬)

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৮ / ০১ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) এবং সদস্য সচিব, এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পটিয়া, চট্টগ্রাম।

৫) সভাপতি/সুপার/ জনাব নাছির আহমদ (ইনডেক্স নং-N2114407), সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), রশিদাবাদ মোহাম্মদিয়া সুন্নিয়া দাখিল মাদ্রাসা, পটিয়া, চট্টগ্রাম।

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

১-৩-২০২২
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক